

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২- ৫৬৫

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২
০২ জুলাই ২০২৫

বিষয়: উদ্যোক্তা ঋণ অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উপপরিচালকগণের সুপারিশক্রমে নিম্নোক্ত সুফলভোগীদের নামের পার্শ্বে উল্লেখিত পরিমান উদ্যোক্তা ঋণ বর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন করা হলো।

ক্র. নং	সদস্যের নাম, আইডি নং, এবং পিতা/স্বামীর নাম	সমিতির নাম	উপজেলা ও জেলা	জমাকৃত সঞ্চয়	আইজিএ	আবেদনকৃত ঋণের পরিমান	অনুমোদিত ঋণের পরিমান
১	২	৩	৪	৬	৭	৮	৯
০১	নাদিয়া বেগম (৫৫৮৫৪২-২৮-১০) পিতা/স্বামী:- মো: ইমাম হোসেন	শিবু বাগিচা পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	কাউনিয়া রংপুর	১৭৫০০	গাজী পালন	১৬০০০০	১৬০০০০
০২	সুচিত্রা রাণী (৫৫৮৫৪২-২৪-০২) পিতা/স্বামী:- প্রদীপ কুমার রায়	শিবু ভ্যাবার ঝাড়পল্লী উন্নয়ন মহিলা সমিতি	কাউনিয়া রংপুর	২৩০৫৩	গাজী পালন	১৬০০০০	১৬০০০০
০৩	মোছা: আরজিনা বেগম (৫৫৮৫৪২-০৬-০৭) পিতা/স্বামী:- মো: ফজলুল হক	তালুকশাহবাজ পল্লী উন্নয়ন মহিলা সমিতি	কাউনিয়া রংপুর	১৮৩৭৪	গাজী পালন	১২৫০০০	১২৫০০০
০৪	মোছা: রুপা খানম (৪০৫৭৫৭-০৯-০৯) পিতা/স্বামী:- মো: ইমদাদুল হোসেন	ঘোড়ানাচ সন্দার পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	সদর মাগুরা	৩৫০২০	গরু মোটাভাজা করণ	২২০০০০	২২০০০০
মোট						৬৬৫০০০	৬৬৫০০০

(মাত্র ছয় লক্ষ পঁয়ষট্টি হাজার টাকা)

শর্তবলী:

০১. অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯ তারিখ:২৩.০২.২০২২ মূলে জারিকৃত প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৬ হতে ৫.২৪ নং পর্যন্ত শর্তবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে;
০২. উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলার বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিবিড় মনিটরিং করবেন;
০৩. মঞ্জুরীকৃত ঋণ উদ্যোক্তার ব্যাংক হিসাবে কেবলমাত্র একাউন্ট পেয়ী চেক অথবা কম্পিউটার প্রিন্ট অ্যাডভাইসের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই ঋণ গ্রহীতাকে নগদ বা বাহক চেক মারফত ঋণ প্রদান করা যাবে না;
০৪. জনপ্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/ জেলা প্রশাসক/উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ঋণ বিতরণ পূর্বক ছবি সংরক্ষণ ও সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
০৫. মঞ্জুরীকৃত ঋণ প্রস্তাবিত আইজিএ/প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না।
০৬. প্রদত্ত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক প্রকল্পের ছবি প্রেরণ করতে হবে;
০৭. ঋণ বিতরণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
০৮. ঋণ বিতরণ, আদায় ও পোষ্ট ডেটেড চেকগ্রহণ সংক্রান্ত অত্র দপ্তর হতে স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৭৮ তারিখ:-০৭.১০.২০২৪ খ্রি. ও স্মারক নং-৪৭.৬২.০০০০.১৪.৪০৪.১৩.২০৮৮ তারিখ:-০৮.১০.২০২৪ খ্রি. মূলে জারীকৃত পত্র যথাযথভাবে প্রতিপালনপূর্বক সঠিকভাবে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ঋণ বিতরণ নিশ্চিত করবেন;

০৯. অত্র দপ্তর হতে প্রদত্ত নমুনা মোতাবেক কার্যক্রমের সাইনবোর্ড প্রত্যেক ঋণ গ্রহিতা সুফলভোগীর বাড়ীতে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে;
১০. পরবর্তীতে যে সকল মাঠ সংগঠকের ঋকে উদ্যোক্তা ঋণ কিস্তি খেলাপি ১০% এর বেশি বা মেয়াদোত্তীর্ণ খেলাপি পাওয়া যাবে, সে সকল মাঠ সংগঠকের উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হবে না।

০২/০৭/২০২৫

মোঃ আবদুস সুবুর
উপপ্রকল্প পরিচালক

ফোন: ০২-৪১০১০৩৪৩

iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা:-....., জেলা:.....।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২- ৫৬৫

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২
০২ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০২. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০৩. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)
০৪. সহকারী পরিচালক ও মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০৫. প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সংশ্লিষ্ট উপজেলা)
০৮. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, (সংশ্লিষ্ট উপজেলা)
০৯. অফিস নথি/গার্ড ফাইল।

০২/০৭/২৫

মো: ইয়ারুল ইসলাম

সহকারী পরিচালক

ফোন: ০২-৪১০১০৩৪৩